উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।
তারিখ ঃ ১৬/১০/২০২৫ ইং, সময় ঃ বিকাল ৩.০০ টা.।
স্থান ঃ উপজেলা নির্বাহী অফিসার, ঝিকরগাছা, যশোর মহোদয়ের কার্যালয়।

উপস্থিত সদস্যবৃন্দের তালিকা- সংযুক্ত ঃ ক।

জনাব ভুপালী সরকার, প্রশাসক, উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। সভাপতি মহোদয় উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে স্বাগত জানান। সভার শুরুতে বিগত সভার কার্য বিবরণী পাঠ এবং সিদ্ধান্তসমূহের অগ্রগতি পর্যলোচনা করা হয়। অত:পর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার অদ্যকার সভার আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন। আলোচনা শেষে নিম্নরুপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
০১	২০২৫-২৬ অর্থ বছরের উন্নয়নমূলক কাজের সঠিকভাবে তদারকি প্রসঙ্গে	২০২৫-২৬ অর্থ বছরের উন্নয়নমূলক কাজ যথা-নতুন ভবণ, সীমানা প্রাচীর, ওয়াশব্লক এষ্টিমেট অনুযায়ী নির্মাণ সামগ্রী ব্যবহারের বিষয়ে জোর দেয়া হয়। সঠিকভাবে তদারকির বিষয়ে সভাপতি মহোদয় গুরুত্বারোপ করেন।	এষ্টিমেট অনুয়ায় নির্মাণ সামগ্রী নিশ্চিত করার বিষয়ে প্রতি মাসে বিদ্যালয় মনিটরিং কমিটির মিটিং করে তার রেজুলেশনের কপি সভাপতি মহোদয় বরাবরে দাখিলের সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও ও প্রধান শিক্ষক
০২	প্রাথমিক শিক্ষার গুনগতমান উন্নয়ন	৩য় থেকে ৫ম শ্রেণির বাংলা এবং ইংরেজি সাবলিলভাবে পঠন নিশ্চিকরণে বিষয়ভিত্তিক শিক্ষকগণের পারফরমেন্স মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়।	৩য় থেকে ৫ম শ্রেণির বাংলা এবং ইংরেজি সাবলিলভাবে পঠন নিশ্চিকরণে বিষয়ভিত্তিক শিক্ষকগণের পারফরমেন্স মনিটরিং করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও ও প্রধান শিক্ষক
০৩	বিদ্যালয়ের সম্পদ সংরক্ষণ	বিদ্যালয়ের স্থাবর ও অস্থাবর সম্পদ সংরক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। যে সকল বিদ্যারয়ে জমির সীমানা নির্ধারণ করা নেই সে সকল বিদ্যালয়ের জমি মেপে সীমানা নির্ধারণ করার জন্য সভাপতি মহোদয় উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মহোদয়কে অনুরোধ করেন।	সকল বিদ্যালয় ভবণ ও আসবাবপত্র রক্ষনাবেক্ষণ এবং জমির সীমানা নির্ধারণ পূর্বক চারকোণায় ৪টি সীমানা পিলার স্থাপনরে সিদ্ধান্ত গৃহীত হয়।	ইউপিইও, ইউএপিইও ও প্রধান শিক্ষক

অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

১৬/১০/২০২৫

(ভুপালী সরকার)
প্রশাসক
উপজেলা পরিষদ
ও
উপজেলা নির্বাহী অফিসার
ঝিকরগাছা, যশোর।

CamScanner

স্মারক নং-উশিঅ/ঝিকর/৬৪২(১) তারিখ-১৬/১০/২০২৫ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :-

১. জেলা প্রশাসক, যশোর।
২. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, খুলনা বিভাগ, খুলনা।
৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, যশোর।
৪. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, শিমুলিয়া ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৫. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, নির্বাসখোলা ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৬. চেয়ারম্যান/প্রশাসক/প্যানেল চেয়ারম্যান, হাজিরবাগ ইউনিয়ন পরিষদ, ঝিকরগাছা, যশোর।
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ঝিকরগাছা, যশোর।
৮. অফিস সংরক্ষণ নথি।

(মোঃ ওয়ালীয়ার রহমান)
সদস্য সচিব
উপজেলা প্রাথমিক ও গণশিক্ষা কমিটি
ও
উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার
ঝিকরগাছা, যশোর।